৪. মধুসূদন তাঁর ‘কৃষ্ণকুমারী’ নাটক কাকে উৎসর্গ করেছেন? ‘কৃষ্ণকুমারী’ নাটকের কাহিনি কোন গ্রন্থ থেকে নেওয়া হয়েছে? বাংলা নাট্যসাহিত্যের ইতিহাসে ‘কৃষ্ণকুমারী’ নাটকটি কতটা গুরুত্বপূর্ণ বলে তুমি মনে করো, যুক্তিসহ আলোচনা করো। ১+১+১২=১৪

‘গ’-গুচ্ছ

৫. ‘রক্তকরবী’ নাটকটি কত সালে, কোন পত্রিকায় প্রথম প্রকাশিত হয়েছিল? ‘‘রক্তকরবী’র রাজা একদেহে রাবণ ও বিভীষণ। সে নিজেই নিজেকে পরাস্ত করে।’’ — মন্তব্যটি তাৎপর্য বিশ্লেষণ করো। ১+১+১২=১৪

৬. ‘রক্তকরবী’ প্রথম কোন পত্রিকায় প্রকাশিত হয়? রবীন্দ্রনাথ নাটকটির নাম প্রথমে কী রেখেছিলেন? ‘‘ ‘রক্তকরবী’ নাটকে বিশুর উপস্থিতি সোচ্চার, কিন্তু তার বিপ্রতীপে রঞ্জন এক অনুপস্থিত অস্তিত্ব।’’ ‘রক্তকরবী’ নাটক অবলম্বনে ‘বিশু’ চরিত্রটি আলোচনা করো। ১+১+১২=১৪

‘ঘ’-গুচ্ছ

৭. ‘তপস্বী ও তরঙ্গিনী’ নাটকে তরঙ্গিনী চরিত্রের উপাদান বুদ্ধদেব বসু কোন কোন ক্ষেত্র থেকে আহরণ করেছেন? ‘তপস্বী ও তরঙ্গিনী’ কাব্যনাট্য হিসাবে কতটা সার্থক, আলোচনা করো। ২+১২=১৪

৮. ‘তপস্বী ও তরঙ্গিনী’ নাটকের দুটি গৌণ চরিত্রের নাম লেখো। তরঙ্গিনী চরিত্রটি আলোচনা করো। ২+১২=১৪

‘ঙ’-গুচ্ছ

৯. ‘চাঁদ বণিকের পালা’ নাটকে মোট কয়টি পর্ব রয়েছে? প্রত্যেক পর্বে কয়টি অংশ আছে? ‘‘ ‘চাঁদ বণিকের পালা’ নাটকের বেহুলা চরিত্রটি আলোচনা করো। ১+১+১২=১৪

১০. চাঁদ বণিকের শিক্ষাগুরুর নাম কী? সনকা কে? ‘চাঁদ বণিকের পালা’ নাটকের ‘চাঁদ’ চরিত্রটি আলোচনা করো। ১+১+১২=১৪

*****

PG (Even) Semester Examination, September, 2023

BENGALI

(2nd Semester)

Course No.: BNGCC-204 (O)

(বাংলা নাটক)

Full Marks: 70

Pass Marks: 28

Time: 3 hours

পার্শ্বস্থ সংখ্যা পূর্ণমান নির্দেশক

প্রতিটি গুচ্ছ থেকে একটি প্রশ্ন নিয়ে মোট পাঁচটি প্রশ্নের উত্তর দাও।

‘ক’-গুচ্ছ

১. ‘সধবার একাদশী’র প্রথম অভিনয় কোথায় হয়েছিল? ‘সধবার একাদশী’র একজন রূঢ় সমালোচকের নাম লেখো। ‘সধবার একাদশী’ নামকরণের তাৎপর্য আলোচনা করো। ১+১+১২=১৪

২. বাংলা প্রহসনের সাধারণ বৈশিষ্ট্য আলোচনা করো। উনিশ শতকের বাংলার যে সামাজিক-সাংস্কৃতিক সংকট ‘সধবার একাদশী’ নাটকের আধেয়, তার সংক্ষিপ্ত বিবরণ দাও। ৫+৯=১৪

‘খ’-গুচ্ছ

৩. ‘কৃষ্ণকুমারী’ নাটকের প্রকাশকাল কত? জয়পুরের রাজার নাম কী? ‘‘‘কৃষ্ণকুমারী’ নাটকে ভীমসিংহ চরিত্রটি একটি দুর্বল সৃষ্টি’’— চরিত্র আলোচনায় বিষয়টি বুঝিয়ে দাও। ১+১+১২=১৪